



স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৮৩/১(৫১৭)

তারিখ: ০৬.১২.২০২১ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির ডুপ্লিকেট, বিবাহিত, নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ইত্যাদি কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির জুলাই-ডিসেম্বর/২০২১ কিস্তির উপবৃত্তি বিতরণের জন্য বর্ধিত কারণে অযোগ্য শিক্ষার্থীদের HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ০৮/১২/২০২১ তারিখ থেকে ২৬/১২/২০২১ তারিখের মধ্যে স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ করতে হবে।

৩। শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী:

- মেনুবারে “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক করুন।
- “শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন” বাটনে ক্লিক করুন।
- ‘খুঁজুন’ বাটনে ক্লিক করুন।
- যে সকল শিক্ষার্থী অযোগ্য তাদের “সম্পাদন” (কলম আইকন) বাটনে ক্লিক করুন।
- “শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস” অপশনে ড্রপডাউন বক্সে “নিষ্ক্রিয়” অপশন সিলেক্ট করতে হবে।
- স্ট্যাটাস পরিবর্তনের কারণ অর্থ্যাৎ ডুপ্লিকেট, বিবাহিত, নিখোঁজ, কর্মসূচির বাহিরে বদলি, মৃত্যু ও অন্যান্য কারণে ঝরে পড়ার কারণ সিলেক্ট করতে হবে।
- পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের কারণ (ডুপ্লিকেট/বিবাহিত/নিখোঁজ/কর্মসূচির বাহিরে বদলি/মৃত্যু ও অন্যান্য) উল্লেখ করতে হবে।
- সর্বশেষ ‘সংরক্ষণ’ বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৪। ভুলক্রমে শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন হলে সক্রিয় করার নিয়মাবলী:

- মেনুবারে “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক করুন।
- “শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন” বাটনে ক্লিক করুন।
- “শিক্ষার্থীর অবস্থা” বাটনে “নিষ্ক্রিয়” অপশন নির্বাচন করুন।
- “খুঁজুন” বাটনে ক্লিক করুন।
- যে সকল শিক্ষার্থী যোগ্য তাদের “সম্পাদন” (কলম আইকন) বাটনে ক্লিক করুন।
- “শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস” অপশনে ড্রপডাউন বক্সে শিক্ষার্থীর তথ্য “সক্রিয়” করুন।
- সর্বশেষ “সংরক্ষণ” বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৫। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণের বিষয়টি নিশ্চিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।


স্বাক্ষরিত/-
(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৮৩/৫১৭/১(১৫)

তারিখ: ০৬.১২.২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ।
- ০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(HSP-MIS এ শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন অপশন চালু করার অনুরোধসহ)।
- ১৫। সংরক্ষণ নথি।


০৬/১২/২০২১
(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি